# 43065 - মক্কাবাসীর উমরা করার মীকাত

## প্রশ্ন

মক্কাবাসী উমরার জন্য কোথায় থেকে ইহরাম বাঁধবে? যদি তারা গ্রীষ্মের সময় 'আল-হাদা' (যে স্থানটি মীকাতের ভেতরে) তে কাটায় তাহলে উমরার জন্য তারা কোথায় থেকে ইহরাম বাঁধবে?

## প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

মক্কাবাসী উমরার জন্য হারাম এলাকার বাহির থেকে যেমন 'তানয়ীম' থেকে ইহরাম বাঁধবেন। যদি তারা গ্রীষ্মকালে 'আল-হাদা'তে থাকেন তাহলে উমরার জন্য তারা তাদের থাকার জায়গা থেকে ইহরাম বাঁধবেন। দলিল হচ্ছে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বাণী; তিনি মীকাত নির্ধারণ করাকালে বলেছেন: "...আর যে ব্যক্তি এর ভেতরে অবস্থান করবে তার ইহরাম বাঁধার স্থান হল সে যেখান থেকে নিয়ত করে। এমনকি মক্কাবাসী মক্কা থেকে ইহরাম বাঁধবে।"[মুত্তাফাকুন আলাইহি] এবং সহিহ বুখারী ও সহিহ মুসলিমে সাব্যস্ত হয়েছে যে, আয়েশা (রাঃ) যখন মক্কাতে থাকাবস্থায় উমরা করতে চাইলেন তখন নবী সাল্লাল্লাহু আলাইহি তাকে হালাল এলাকা (হারামের বাহিরে) থেকে ইহরাম বাঁধার নির্দেশ দেন।

আল্লাহ্ই তাওফিকদাতা।